# জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়ঃ ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.jbc.gov.bd

সুখে-দুঃখে আপনজন, জীবন বীমা কর্পোরেশন।

বীমাকৃত জীবন, নিরাপদ জীবন।

স্মারক: ৫৩.১৯.৯০০১.০০২.১১.০৫৭.২১-৬৪০

তারিখ: ১৯ জুলাই, ২০২১খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জীবন বীমা কর্পোরেশনে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|
| ১. | জুনিয়র অফিসার<br>গ্রেড-১০<br>(টাঃ১৬,০০০-৩৮,৬৪০/-) | ০৮টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি। (চার বছর মেয়াদি অনার্স ডিগ্রি, অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রির সমতুল্য হিসেবে গণ্য হবে)। | ——— |
| ২. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৩<br>(টাঃ১১,০০০- ২৬৫৯০/-) | ০২টি | অনূর্ধ্ব ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশ। | চাঁদপুর, ফেনী, গোপালগঞ্জ, শরিয়তপুর, রাজশাহী, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর। |
| ৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(টাঃ ৯৩০০--২২,৪৯০/-) | ৪৫টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজিতে ২৮ শব্দের গতি। | চাঁদপুর, মুন্সীগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর রাজশাহী, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী। |
| ৪. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(টাঃ ৮২৫০ -- ২০০১০/-) | ২৫টি | অনূর্ধ্ব ৩০ বছর | অষ্টম শ্রেণী পাশ। | চাঁদপুর, শরিয়তপুর, নড়াইল, বরিশাল, বরগুনা। |

আবেদনকারীদের জন্য ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলি:

১. আগ্রহী প্রার্থীগণকে অবশ্যই ওয়েবসাইট http://jbc.teletalk.com.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পুরণ করে online এ রেজিস্ট্রেশন ও ফি জমাদান কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি ও প্রদত্ত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করে আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

২. আবেদনকারীর বয়স:

(ক) ০১ আগস্ট, ২০২১ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩০ বছর।

(খ) শারীরিক প্রতিবন্ধি ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

(গ) বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমানের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

(ঘ) জুনিয়র অফিসার পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৩. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪. এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধি (জেলা কোটা বহির্ভূত)।

৫. আবেদনের সময়সীমা:

(ক) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১-০৮-২০২১ খ্রিঃ, সকাল: ১০.০০ ঘটিকা।

(খ) আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ৩১-০৮-২০২১ খ্রিঃ, বিকেল: ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) নির্ধারিত সময়সীমার মধ্যে সরকারি ছুটির দিনসহ ২৪ ঘন্টা অনলাইনে আবেদন ও ফি জমা করা যাবে।

৬. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ --

(ক) জুনিয়র অফিসার পদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীকে পরীক্ষার ফি এবং টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৫৬০/- (পাঁচশত ষাট টাকা) জমা দিতে হবে;

(খ) উচ্চমান সহকারী ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীকে পরীক্ষার ফি এবং টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৩৪০/- (তিনশত চল্লিশ টাকা) জমা দিতে হবে;

(গ) অফিস সহায়ক পদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীকে পরীক্ষার ফি এবং টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩০/- (দুইশত ত্রিশ টাকা) জমা দিতে হবে।

৭. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক দুই মাসের মধ্যে তোলা রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (১০০×৮০ পিক্সেল) Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে ২(দুই)টি SMS করে পরীক্ষার ফি (৬ নং শর্তানুসারে) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: JBC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: **JBC ABCDEF** send to **16222**
Reply: Applicant's Name, **Tk-560/340/230** will be charged as application fee.
Your PIN is **12345678** to pay fee, type JBC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: JBC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **JBC Yes 12345678** send to **16222.**
Reply: Congratulations! Applicant's Name, payment. completed successfully for examination fee.
User ID is (xxxxxxxx) and password (xxxxxxxx).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন। এই Password টি প্রবেশপত্র (Admit Card) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

৮. **প্রবেশপত্র** প্রাপ্তির বিষয়টি http://jbc.teletalk.com.bd এ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

৯. প্রার্থীকে তার User ID ও Password ব্যবহার করে ছবি ও স্বাক্ষর সংবলিত প্রবেশপত্র (Admit Card) Download করতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১০. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী কালার প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১১. **টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন** থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**User ID** জানা থাকলে **JBC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **JBC Help User ABCDEF** & Send করতে হবে ১৬২২২ নম্বরে।

**PIN Number** জানা থাকলে JBC<space>Help<space>PIN<>PIN No & Send করতে হবে **১৬২২২** নম্বরে।
Example: JBC Help PIN 12345678 & Send করতে হবে **১৬২২২** নম্বরে।

১২. JBC নিয়োগ পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://jbc.teletalk.com.bd ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট www.jbc.gov.bd-এ পাওয়া যাবে।

১৩. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের দুই মাসের মধ্যে তোলা রঙিন ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র(সর্বশেষ পরিপত্র অনুযায়ী), মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন এবং অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্রের ১(এক) সেট মূল কপি ও ১(এক) সেট ফটোকপি(সত্যায়িত) সহ online-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) মৌখিক পরীক্ষার দিন মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১(এক) ঘন্টা পূর্বে দাখিল করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষ মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৪. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে কল করুন অথবা vas.query@teletalk.com.bd এবং malekjbc71@gmail.com এ ইমেইল করুন; **(Mail এর subject এ Organization Name :JBC, Post Name: ********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)**

১৫. প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬. সরকার নির্ধারিত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৭. চূড়ান্ত নিয়োগ প্রদানের সময় জেলা কোটায় পদ শূন্য থাকার ভিত্তিতে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে।

১৮. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৯. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০. এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ মাহবুবুল আলম)
সহকারী জেনারেল ম্যানেজার-প্রশাসন
ও
সদস্য-সচিব, বাছাই কমিটি।